

কবিতা

জাতীয়করণ

শোনে শোনে দেশবাসী
শোনে দিয়া মন
শিক্ষাব্যবস্থা জাতীয়করণ
অতি প্রয়োজন।

বাংলাদেশ কিভাবে চলে
গণতন্ত্র সবাই বলে
এক দেশে দুই নীতি
হচ্ছে আরোপন।

স্বল্প বেতন নাইকো ভাতা
তাই আমাদের মাথা ব্যাথা
১০০০ টাকা বাড়ী ভাড়া
চলার উপায় নাই।

৫০০ টাকা ১ মাসে
চিকিৎসা খরচ পাই
দুই ঈদে ২৫%
উৎসব ভাতা ভাই
আবার ১০% বেতন কর্তন
বলার উপায় নাই।

নতুন নতুন প্রজ্ঞাপন
আরো কত আয়োজন
বাস্তবায়ন করতে হলে
শিক্ষক প্রয়োজন।

দেশ হচ্ছে ডিজিটাল
দুর্নীতির বেড়াজাল
সংসার চালাতে গিয়ে
হচ্ছি বেসামাল।

যোগ্যতা হয় ফলাফলে
অবসর কল্যাণ যায় তলে
অনেক কিছু সমাধান হয়
ক্ষমতার বলে।

লেখক-রাজিব চন্দ্র নাথ

সহকারি শিক্ষক, খাইয়ারা উচ্চ বিদ্যালয়
ফেনী সদর, ফেনী।